দৈনিক ইনকিলাব

তারিখ ... 24 MAY 2007 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...

১০৫৩৫ . ৩৬

মাদ্রাসা শিক্ষার উন্নয়ন ও স্বকীয়তা রক্ষায় জমিয়াতুল মোদারেছীনের কিছু প্রস্তাবনা পেশ

# মাদ্রাসা শিক্ষার জন্য সাধ্যানুযায়ী সবই করা হবে *ইবি ভিসি*

*ইবি থেকে* আলতাফ হোসেন ঃ দীর্ঘ শতাব্দীকালের দাবীর ফসল, জমিয়াতুল মোদারেছীনের জোরদার আন্দোলনে ফাজিল, কামিলকে ডিগ্রি ও মাস্টার্সের মান দেয়ার দায়িত্ব ইসলামী বিশ্ববিদ্যালয়ের ওপর ন্যস্ত হয়েছে। অতি অল্প সময়ে ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে আন্তরিকতার পরিচয় দিয়ে অতি দ্রুত কাজকে এগিয়ে নিয়েছেন এজন্য ধন্যবাদ দেয়ার লক্ষ্যে গতকাল বুধবার জমিয়াতুল মোদারেছীনের মহাসচিব অধ্যক্ষ মাওলানা শাব্বির আহমদ মোমতাজীর নেতৃত্বে একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ফয়েজ মোহাম্মদ সিরাজুল হকের সঙ্গে সাক্ষাৎ করেন। তারা *পৃঃ২কঃ৭*

## মাদ্রাসা শিক্ষার জন্য

*প্রথম পৃষ্ঠার পর*

পৃথকভাবে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মোঃ মসলেম উদ্দিনের সাথেও সাক্ষাৎ করেন। এ সময় বিশ্ববিদ্যালয় গৃহীত অর্ডিনেন্স সম্পর্কে জমিয়াতুল মোদারেছীনের কিছু প্রস্তাবনা ভিসির কাছে পেশ করা হয়। তারা মাদ্রাসাসমূহের গভর্নিংবডি, শিক্ষক নিয়োগে সমস্যা, দ্রুত সিলেবাস সরবরাহ, ফাজিল, কামিল মাদ্রাসার স্বীকৃতি নবায়ন, ঢাকার উপকণ্ঠে ফাজিল, কামিল মাদ্রাসা সংক্রান্ত একটি দপ্তর খোলাসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। জমিয়াতুল মোদারেছীনের মহাসচিব অধ্যক্ষ মাওলানা শাব্বির আহমদ মোমতাজী বলেন, মাদ্রাসা শিক্ষার উন্নয়নে এ শিক্ষার স্বকীয়তা বজায় রেখে যত ধরনের সহযোগিতা প্রয়োজন, বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীন তার সবকিছু করতে প্রস্তুত রয়েছে। ভিসি প্রস্তাবগুলো বিশেষ বিবেচনায় আনবেন বলে আশ্বাস প্রদান করেন। তিনি মাদ্রাসার শিক্ষার জন্য সাধ্যানুযায়ী সবই করবেন বলে জানান। পরে প্রতিনিধি দল ইনস্টিটিউট অব ইসলামিক এডুকেশন এন্ড রিসার্চ (আইআইইআর) সেন্টার পরিদর্শন করেন। তিনি মাদ্রাসা শিক্ষার জন্য সাধ্যানুযায়ী সবই করবেন বলে জানান। প্রতিনিধি দলে সদস্যদের মধ্যে ছিলেন জমিয়াতুল মোদারেছীনের সহসভাপতি অধ্যক্ষ আলহাজ মাওলানা মোঃ ইউনুছ, জমিয়তের কেন্দ্রীয় নেতা ড. একেএম মাহবুবুর রহমান, কুষ্টিয়া জমিয়তের সভাপতি আলহাজ মাওলানা আব্দুর রহমান ও সেক্রেটারি অধ্যক্ষ মাওলানা মনজুর কাদের। আরও উপস্থিত ছিলেন ইবির ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. রুহুল আমীন এবং আইআইইআর-এর ভারপ্রাপ্ত পরিচালক অধ্যাপক ড.শহীদুল ইসলাম নূরী।